

সিরাজগঞ্জে দাখিল পরীক্ষা কেন্দ্রে আগুন : পুড়েছে ১৪১ উত্তরপত্র

সিরাজগঞ্জ প্রতিনিধি

সিরাজগঞ্জের রায়গঞ্জে একটি দাখিল পরীক্ষা কেন্দ্রের অফিস কক্ষে আগুন দিয়েছে দুর্বৃত্তরা। এ সময় অফিস কক্ষে একটি ট্রাঙ্কের মধ্যে রক্ষিত ১৪১টি উত্তরপত্র ভস্মীভূত হয়েছে। তবে তাৎক্ষণিকভাবে আগুন নিয়ন্ত্রণে আনার ব্যক্তি উত্তরপত্রগুলো পুড়ে যাওয়ার হাত থেকে রক্ষা পেয়েছে।

ধানগড়া দাখিল মাদ্রাসার কেন্দ্র সচিব রইচ উদ্দিন এবং প্রত্যক্ষদর্শীরা জানান, বৃহস্পতিবার সন্ধ্যার পর কে বা কারা মাদ্রাসার মধ্যে প্রবেশ করে কেন্দ্র সচিবের অফিস কক্ষের একটি জানালা খুলে ফেলে। এ সময় তারা কক্ষের মধ্যে উত্তরপত্র বোঝাই একটি ট্রাঙ্কে পেট্রোলজাতীয় পদার্থ ঢেলে আগুন ধরিয়ে দিয়ে দ্রুত পালিয়ে যায়। আগুনের ধোঁয়া দেখতে পেয়ে মাদ্রাসার আবাসিক ভবনে থাকা শিক্ষার্থীরা অফিস কক্ষের তাল্লা খুলে ভিতরে প্রবেশ করে এবং আগুন দ্রুত নিয়ন্ত্রণে আনে। পরে খবর পেয়ে মাদ্রাসা সুপার ও কেন্দ্র সচিব রইচ উদ্দিন ঘটনাস্থলে আসেন। তিনি জানান, আগুন নিভিয়ে ফেলায় বড় ধরনের বিপর্যয় থেকে রক্ষা পেলেও ১৪১টি উত্তরপত্র পুড়ে গেছে।

স্থানীয় উপজেলা আওয়ামী লীগের সাধারণ সম্পাদক শহিদুল আলম অভিযোগ করে জানান, এ মাদ্রাসার মধ্যেই ২০ দলীয় জোটভুক্ত জামায়াত-শিবিরের কর্মীরা রয়েছেন। তাদের আটক করে জিজ্ঞাসাবাদ করলেই এ ঘটনার সঙ্গে জড়িত মূল হেতাদের শনাক্ত করা সম্ভব হবে। বিএনপি চেয়ারপারসন খালেদা জিয়ার নির্দেশে এসএসসি পরীক্ষা ভঙুল করতেই এ ঘটনা ঘটানো হয়েছে। অধিকারের পর পুলিশ ও প্রশাসনের কর্মকর্তারা ঘটনাস্থল পরিদর্শন করলেও তাৎক্ষণিকভাবে তারা কোনো মন্তব্য করতে রাজি হননি।